১৮

দৈনিক ইত্তেফাক

তারিখ ..3 ৪ SEP 1993 ..
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# কিন্ডার গার্টেন এসোসিয়েশনের ১৩ দফা পূরণের দাবী

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ কিণ্ডার গার্টেন এসোসিয়েশনের উদ্যোগে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এসোসিয়েশনের ১৩ দফা দাবী পেশ করা

(১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## কিণ্ডার গার্টেন

(১ম পৃঃ পর)

হইয়াছে। দাবীসমূহ হইতেছে: কিণ্ডার গার্টেন স্কুলগুলিকে সহজ শর্তে রেজিষ্ট্রেশন প্রদান, ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে পাঠ্য পুস্তক প্রদান, গ্যাস, বিদ্যুৎ ও পানির বিলের বাণিজ্যিক হার রহিতকরণ, শিক্ষকদের অনুদান প্রদান, কিণ্ডার গার্টেনকে সহজ শর্তে পরিত্যক্ত জায়গা বা বাড়ী বরাদ্দ দেওয়া, কিণ্ডার গার্টেনের জন্য পৃথক বোর্ড বা পরিচালনা পরিষদ গঠন, কিণ্ডার গার্টেন টিচার্স ট্রেনিং ইনষ্টিটিউট প্রতিষ্ঠার অনুমতি প্রদান, কিণ্ডার গার্টেন প্রতিষ্ঠানগুলিকে সমাজকল্যাণ প্রতিষ্ঠান হিসাবে গণ্য করা, ছাত্র-ছাত্রীদের এসএসসি পরীক্ষায় সরাসরি অংশগ্রহণ করার অনুমতি প্রদান, আন্তর্জাতিক ফোরামে কিণ্ডার গার্টের প্রতিনিধি প্রেরণ, জাতীয় পর্যায়ে শিক্ষা কমিটিতে কিণ্ডার গার্টেন প্রতিনিধি গ্রহণ, কিণ্ডার গার্টেন স্কুল পরিচালনার জন্য সরকারী নীতিমালা প্রণয়ন এবং সকল প্রকার সরকারী বৃত্তি পরীক্ষায় ও অনুষ্ঠানে কিণ্ডার গার্টেনের ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের অনুমতি প্রদান।

সাংবাদিক সম্মেলনে এসোসিয়েশনের চেয়ারম্যান মিসেস তাহেরা খানম, মহাসচিব শাহজাদা মোহাম্মদ আলী, সাবেক চেয়ারম্যান খন্দকার রইসুল আলম, খন্দকার মোহাম্মদ জওহেদ, ফারুক আহমেদ, নুরুজ্জামান কায়েস, আনোয়ার হোসেন, ইস্কান্দার আলী হাওলাদার, শেখ আবু খালেদ শান্ত প্রমুখ নেতা বক্তব্য রাখেন। এসোসিয়েশনের মহাসচিব লিখিত বক্তব্যে বলেন, দেশে প্রায় ৫ হাজার কিণ্ডার গার্টেন স্কুল রহিয়াছে। এইসব স্কুলে ১০ লক্ষাধিক ছাত্র-ছাত্রী লেখাপড়ার সুযোগ পাইতেছে। অথচ কিণ্ডার গার্টেন স্কুলগুলিকে সরকারীভাবে স্বীকৃতি প্রদান করা হইতেছে না, কোন প্রকার সরকারী সহযোগিতাও প্রদান করা হইতেছে না। তিনি এসোসিয়েশনের ১৩ দফা দাবী মানিয়া নেওয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।